SCANNED

D-OK

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়,
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
(এনফোর্সমেন্ট-০১ শাখা)
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.০৫৫.২৭.৩৪২.২৩ -৮০৫

তারিখ: ০৭ আশ্বিন ১৪৩১ ব.
২২ সেপ্টেম্বর ২০২৪ খ্রিঃ

# পরিপত্র

**বিষয়: 'সালিশ বা মধ্যস্থতার মাধ্যমে অভিযোগ নিষ্পত্তি ও অভিযোগের আপোষ মীমাংসা সংক্রান্ত সাধারণ আদেশ, ২০২৩' সংশোধন প্রসঙ্গে।**

'সালিশ বা মধ্যস্থতার মাধ্যমে অভিযোগ নিষ্পত্তি ও অভিযোগের আপোষ মীমাংসা সংক্রান্ত সাধারণ আদেশ, ২০২৩' সংক্রান্ত এ মন্ত্রণালয়ের স্মারক নং- ৪৯.০০.০০০০.০৫৭.২৭.৩৪২.২০২৩-৪৭৩ তারিখ ০৩ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. এর মাধ্যমে জারিকৃত পরিপত্রটির '০৯, ১০.৮ ও ১১' অনুচ্ছেদ নিম্নরূপভাবে সংশোধন করা হলো।

| মূল অনুচ্ছেদ | সংশোধন |
|---|---|
| **অনুচ্ছেদ-০৯: অভিযোগের তদন্ত অংশ**<br>সরকার বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ বা ব্যক্তি এবং ক্ষেত্রমতে বিএমইটির দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অভিযোগের তদন্ত করবেন। অভিযোগ তদন্তের ক্ষেত্রে এবং এ সংক্রান্ত বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালনের উদ্দেশ্যে তদন্তকারী কর্মকর্তাগণের একটি তালিকা বিএমইটি কর্তৃক পৃথকভাবে প্রশাসনিক মন্ত্রণালয় হতে পূর্বানুমোদন গ্রহণ করতে হবে। জেলা পর্যায়ে দাখিলকৃত অভিযোগের ক্ষেত্রে জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসসমূহের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ অভিযোগের তদন্ত করতে পারবেন।<br><br>তদন্তকারী কর্মকর্তা সর্বোচ্চ সতর্কতার সাথে দায়িত্ব পালন করবেন এবং অভিযোগের বিষয়ে তদন্তকারী কর্মকর্তা কখনই সালিশ কর্মকর্তার দায়িত্ব পালন করবেন না। | সরকার বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ বা ব্যক্তি এবং ক্ষেত্রমতে বিএমইটির এবং এর অধীনস্থ ডিইএমও সমূহের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অভিযোগের তদন্ত করবেন।<br><br>তদন্তকারী কর্মকর্তা সর্বোচ্চ সতর্কতার সাথে দায়িত্ব পালন করবেন এবং অভিযোগ তদন্তকালে সালিশের মাধ্যমে অভিযোগ নিষ্পত্তির প্রয়োজন হলে সালিশ কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন। |
| **অনুচ্ছেদ-১০.৮**<br>অভিযোগের তদন্তকালে বা তদন্তকার্য সমাপ্তির পর অভিযোগ প্রমাণিত হলে সেক্ষেত্রে উভয় পক্ষ (অভিযোগকারী ও রিক্রুটিং এজেন্ট) আপোষ মীমাংসায় উপনীত হবার আগ্রহ প্রকাশ করলে সে মোতাবেক | অভিযোগ তদন্তকালে উভয় পক্ষ আপোষ মীমাংসায় উপনীত হওয়ার আগ্রহ প্রকাশ করলে তদন্ত কর্মকর্তা উভয় পক্ষের কাছ থেকে লিখিত সম্মতিপত্র (ফরম ঙ) |

| | |
|---|---|
| মীমাংসায় উপনীত হবার আগ্রহ প্রকাশ করলে [illegible] তদন্তকারী কর্মকর্তা উভয় পক্ষকে লিখিতভাবে অবহিতকরণের পর উভয় পক্ষের কাছ থেকে লিখিত সম্মতিপত্র (ফরম ৬) আদায় করবেন এবং লিখিতভাবে সম্মতি প্রাপ্তির পর সে অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের নিকট নিষ্পত্তির জন্য প্রেরণ করবেন। | গ্রহণপূর্বক তাঁর মধ্যস্থতায় আপোষ-মীমাংসা করতে পারবেন। |

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

| মূল অনুচ্ছেদ | সংশোধন |
|---|---|
| **অনুচ্ছেদ-১১: অভিযোগের নিষ্পত্তি অংশ**<br>কোনো অভিযোগ প্রমাণিত হলে তদন্ত শেষ হওয়ার অনধিক ০৩ (তিন) মাসের মধ্যে সরকার বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ বা ব্যক্তি এবং ক্ষেত্রমতে বিএমইটির দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আদেশ দ্বারা সরাসরি বা সালিশের মাধ্যমে অভিযোগের নিষ্পত্তি করতে পারবেন। অভিযোগ নিষ্পত্তির ক্ষেত্রে এবং এ সংক্রান্ত আইন ও বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালনের উদ্দেশ্যে সালিশ কর্মকর্তাগণের একটি তালিকা বিএমইটি কর্তৃক পৃথকভাবে প্রশাসনিক মন্ত্রণালয় হতে পূর্বানুমোদন গ্রহণ করতে হবে। তবে উল্লেখ থাকে যে, বিএমইটির অপেক্ষাকৃত জ্যেষ্ঠ ও অভিজ্ঞ কর্মকর্তাগণের মধ্য থেকে সালিশ কর্মকর্তা নির্বাচন করা সমীচীন হবে। | বিএমইটি এবং এর অধীনস্থ ডিইএমও সমূহের উপযুক্ত কর্মকর্তাদের তদন্তকারী কর্মকর্তা বা সালিশ কর্মকর্তা হিসেবে দায়িত্ব প্রদান করে বিএমইটি বিষয়টি মন্ত্রণালয়কে অবহিত করবে। |

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ও জনস্বার্থে এ পরিপত্র জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

২২.০৭.২০২৪

(মোঃ শিবলী সাদিক)
সিনিয়র সহকারী সচিব

ফোন নম্বর : [illegible]

ফোন নম্বর : +৮৮০ ০২৫৫১৩০৮৮৬৩
dsenforcement@probashi.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২, কাকরাইল, ঢাকা।
২। মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৩। অনুবিভাগ প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৪। ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব), বোয়েসেল, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৫। ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৬। সভাপতি/মহাসচিব, বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীজ (বায়রা), বায়রা ভবন, ১৩০, নিউ ইস্কাটন রোড, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য:

১। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩। যুগ্মসচিব (মনিটরিং ও এনফোর্সমেন্ট)-এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
উপপরিচালক-৫
৮৯/২, কাকরাইল, ঢাকা

স্মারক নম্বর: ৪৯.০১.০০০০.০০০.১৩.৬৮৮.২৩.৫৮২

তারিখ: ১৫ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
৩০ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'সালিশ বা মধ্যস্থতার মাধ্যমে অভিযোগ নিষ্পত্তি ও অভিযোগের আপোষ মীমাংসা সংক্রান্ত সাধারণ আদেশ, ২০২৩' সংক্রান্ত প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের গত ০৩-০৯-২০২৩

তারিখের ৪৯.০০.০০০০.০৫৭.২৭.৩৪২.২০২৩-৪৭৩ সংখ্যক স্মারকে জারিকৃত পরিপত্রটি'র ০৯, ১০.৮ ও ১১ নম্বর অনুচ্ছেদ সংশোধনপূর্বক গত ২২-০৯-২০২৪ তারিখের ৪৯.০০.০০০০.০৫৫.২৭.৩৪২.২৩-৬০৫ সংখ্যক স্মারকে সংশোধিত পরিপত্র জারী করা হয়েছে।

০২। এমতাবস্থায়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের গত ২২-০৯-২০২৪ তারিখের ৪৯.০০.০০০০.০৫৫.২৭.৩৪২.২৩-৬০৫ সংখ্যক স্মারকে জারীকৃত পরিপত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩০-০৯-২০২৪
মোঃ মাসুদ রানা
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপপরিচালক (সকল), বিএমইটি, ঢাকা;
২। সহকারী পরিচালক (সকল), বিএমইটি, ঢাকা;
৩। সহকারী পরিচালক (সকল), জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস,------------------------------------।;
৪। মহাপরিচালক (গ্রেড-১) এর ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা (মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের সদয় জ্ঞাতার্থে);
৫। অতিরিক্ত মহাপরিচালক (কর্মসংস্থান) এর ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে) এবং
৬। অফিস কপি।

০১-১০-২০২৪
জোহরা মনসুর
উপপরিচালক

**সকল সংযুক্তিসমূহ:**

(১) প্র.ক.বৈ.কম এর স্মারক নং-৪৯.০০.০০০০.০৫৫.২৭.৩৪২.২৩-৬০৫ - 'সালিশ বা মধ্যস্থতার মাধ্যমে অভিযোগ নিষ্পত্তি ও অভিযোগের আপোষ মীমাংসা সংক্রান্ত সাধারণ আদেশ, ২০২৩' সংশোধন প্রসঙ্গে।
(২) IMG_20240926_0007